# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 08 May, 2025

বাগেরহাট শহরের পৌর পার্কে  বাণিজ্য মেলার নামে  জুয়া ও অশ্লীলতা বন্ধের দাবিতে  মানববন্ধন করেছে বাগেরহাটের সম্মিলিত ব্যবসায়ী সমিতি।

বৃহস্পতিবার (৮ মে) বেলা এগারোটার  বাগেরহাট প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।এ সময় সম্মিলিত ব্যবসায়ী একটি র‍্যালিটি বের করে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপিও প্রদান করে।

মানববন্ধনে বক্তারা বলেন, বাগেরহাটে বাণিজ্য মেলার নামে সার্কাস, জুয়া ও অশ্লীলতা বন্ধ করার জন্য সরকার ও প্রশাসনের কাছে জোর দাবি জানাচ্ছি ।এই জুয়া আমাদের সমাজকে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে আমরা তা হতে দিতে পারি না।

এছাড়া প্রতি বছর এই মেলার কারণে আমাদের ব্যবসায়ীরা কোটি কোটি টাকা ক্ষতির মুখে পড়ে।

সামনে এইচএসসি পরীক্ষা শুরু।এই মেলা চালু হলে  পরীক্ষার্থীদের লেখাপড়ার ক্ষতিসহ যুব সমাজের ব্যাপক ক্ষতি হবে।এগুলো বন্ধের দাবি জানাই।আমরা বাগেরহাট সম্মিলিত ব্যবসায়ী

 মাধ্যমে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করা হয়েছে।

বাগেরহাট জুয়া ও অশ্লীলতা বাণিজ্য মেলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:22

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758072139